গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.৩১.১১৫.০৬(অংশ-১)- ১৫৪ তারিখঃ ১১/০১/২০১৭

বিষয়ঃ দুর্নীতির ধূসর এলাকাসমূহসহ (Gray area) দুর্নীতি প্রতিরোধ বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ (ক) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের ডি.ও নং ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৯১৫, তারিখ: ১৪ পৌষ ১৪২৩/২৮ ডিসেম্বর ২০১৬ খ্রি.।
(খ) দুর্নীতি দমন কমিশন এর ডি.ও নং ৭৮/২০১৬, তারিখ: ৩১ অক্টোবর ২০১৬ খ্রি.

উপরোক্ত বিষয়ে সূত্রস্থ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের ডি.ও পত্র এবং দুর্নীতি দমন কমিশন এর ডি.ও পত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

১১.০১.১৭
মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক
টেলিফোন: ৮১৮১৪২১
E-mail: makm_fyff@yahoo.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
(১) পরিচালক (সকল), কম্পিউটার/সেন্সাস/ইন্ডাষ্ট্রি এন্ড লেবার/ডেমোগ্রাফী এন্ড হেলথ/এগ্রিকালচার/ ন্যাশনাল একাউন্টি উইং/এসএসটিআই/এফএ এন্ড এমআইএস, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
(২) প্রকল্প পরিচালক (সকল), ..., বিবিএস, ঢাকা।
(৩) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ...।
(৪) উপপরিচালক (প্রশাসন/ফিল্ড/সমন্বয়/উন্নয়ন/বিনিক), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
(৫) প্রোগ্রামার, বিবিএস ওয়েব সাইট শাখা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
(৬) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
(৭) উপ-মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিচএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
(৮) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
(৯) অফিস কপি/গার্ড নথি।

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.

ডি ও নম্বর: ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৯১৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৩ / ২৮ ডিসেম্বর ২০১৬

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্খিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গিয়েছে যে দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছরে প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। এ কারণে বর্তমান সরকার দুর্নীতি দমনে বদ্ধপরিকর। "রূপকল্প ২০২১" বাস্তবায়ন এবং ২০৪১ সনের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিশেষ কর্মসূচি ও নীতি গ্রহণ করেছে।

০২। আপনি আরও অবহিত রয়েছেন যে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ প্রণীত হয়েছে। এজন্য দুর্নীতি দমন কমিশন দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। তা ছাড়া, সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রাষ্ট্র ও সমাজের প্রতিটি অঙ্গে দুর্নীতি দমন, সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল গৃহীত হয়েছে।

০৩। আপনি আরও অবগত আছেন যে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের কোন কোন ক্ষেত্রে দুর্নীতির প্রকোপ থাকতে পারে। এ সকল ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এজন্য সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে প্রো-এ্যাকটিভ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণে আপনার সুদৃষ্টি কামনা করছি। এ ছাড়া, আপনার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ (Gray Area) (যদি থাকে) শনাক্তকরণপূর্বক সেগুলো দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্তকরণে আপনার ব্যক্তিগত উদ্যোগ প্রত্যাশা করছি।

০৪। দুর্নীতি দমনে মন্ত্রণালয়/বিভাগের যে কোন পদক্ষেপে সহযোগিতা করতে দুর্নীতি দমন কমিশন প্রস্তুত রয়েছে। দুর্নীতি দমন কমিশন ও মন্ত্রণালয়/বিভাগের যৌথ প্রয়াসে দুর্নীতির মূলোৎপাটিত হবে বলে আমি বিশ্বাস করি। এই প্রসঙ্গে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক মন্ত্রিপরিষদ সচিবকে লিখিত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।

মহাপরিচালকের কার্যালয়, বিবিএস

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব কে এম মোজাম্মেল হক
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

দুর্নীতি দমন কমিশন

দু দ ক

সচিব (সমন্বয় ও সংস্কার)
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (জেমাপ্র)
অতিরিক্ত সচিব (কমিটি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি)
অতিরিক্ত সচিব (মসরি)
একান্ত সচিব
ডাইরী নং :
তারিখ :
মন্ত্রিপরিষদ সচিব

ইকবাল মাহমুদ
চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন

যুগ্মসচিব (জেমাপ্র)
উপসচিব (জেম্যা)
উপসচিব (মাপ্রশ্)
উপসচিব (মাপ্রসংস্থা)
উপসচিব (মাপ্রসংযোগ)
সি:স:সচিব (মাপ্রসমন্বয়)
সি:স:সচিব (জেম্যানি)
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরি নং-
তারিখ:
অতিরিক্ত সচিব (জেমাপ্র)

ডি.ও নং- ৭৮/২০১৬

তারিখ: ৩১ অক্টোবর ২০১৬ খ্রি.

প্রিয় শফিউল আলম,

আপনি অবগত আছেন যে, দুর্নীতি দমন কমিশন (দুদক) দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহ তাদের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার মধ্য দিয়ে দুর্নীতি প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের কার্যকর ভূমিকা প্রশংসাযোগ্য।

এটি প্রতিষ্ঠিত সত্য যে, জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রধান অন্তরায় হচ্ছে দুর্নীতি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণা প্রতিবেদনে দেখা যায় যে, দুর্নীতি রোধ করা সম্ভব হলে প্রতিবছর দেশের জিডিপি প্রায় ২% বৃদ্ধি পাবে। তাছাড়া দুর্নীতি রোধ করা গেলে বৈদেশিক বিনিয়োগ ও কর্মসংস্থান গতিশীলতা পাবে। কাজেই অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি নিশ্চিত করা এবং দারিদ্র্য দূরীকরণ ও আয় বৈষম্য কমিয়ে আনার লক্ষ্যে কমিশনের দুর্নীতি বিরোধী উদ্যোগের পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের চলমান ভূমিকা আরো বৃদ্ধি করা আবশ্যক।

দুর্নীতি প্রতিরোধে সরকারি প্রতিষ্ঠানসমূহের যেকোন উদ্যোগকে দুদক স্বাগত জানায়। সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং যথেষ্ট গুরুত্ব বহন করে। বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রো-এ্যাকটিভ মনিটরিং এর অনুরোধ পত্র প্রেরণ করা হলে সেক্ষেত্রে দুদক সহযোগিতা করতে একান্তভাবে আগ্রহী।

উপর্যুক্ত ক্ষেত্রগুলো ছাড়াও দুর্নীতির ধূসর এলাকাসমূহের (Gray area) বিষয়ে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহকে সর্বোতভাবে সহযোগিতার হাত সম্প্রসারণে দুর্নীতি দমন কমিশন প্রতিশ্রুতিবদ্ধ।

এ বিষয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে আপনার সুদৃষ্টি কামনা করছি।

আন্তরিকভাবে আপনার,

(ইকবাল মাহমুদ)

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখা
ডাইরী নং.......